

ভোটের কাজ থেকে ছাড় পাচ্ছেন না অধ্যাপকরা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২১ এপ্রিলঃ কলেজ শিক্ষকদের ভোটের কাজে নিয়োগের ক্ষেত্রে সিঙ্গল বেক্সের নিষেধাজ্ঞায় স্থগিতাদেশ দিল কলকাতা হাইকোর্টের ডিভিশন বঞ্চ। মঙ্গলবার বিচারপতি শম্পা সরকার ও বিচারপতি অজয় গুপ্তার ডিভিশন বঞ্চ নির্দেশ অনুযায়ী, অধ্যাপকদের প্রিসাইডিং অফিসার হিসেবে কাজ করতেই হবে। আদালতের বক্তব্য, কয়েকজন শিক্ষক মামলা করলেও অনেকই কমিশনের নির্দেশ মতো দায়িত্ব নিয়েছেন। এই নিয়োগ কমিশনের কতটা প্রয়োজন, সেটাও উপলব্ধি করতে হবে বলে নির্দেশ দিয়েছে আদালত। ডিভিশন বঞ্চ উল্লেখ করেছে, তাঁদের যদি প্রিসাইডিং অফিসারের দায়িত্ব দেওয়া হয়, তাহলে সেটাও যথেষ্ট গুরুত্বপূর্ণ। আদালতের বক্তব্য, দেশের প্রতিটি নাগরিকের জাতীয় স্বার্থ দেখা বাধ্যতামূলক। সেটা কেউ অস্বীকার করতে পারেন না। এমন বৃহ কর্মযজ্ঞে কেন্দ্র বা রাজ্যের সরকারি কর্মীদের বেশি কাজে লাগানো হয়। আর এই ক্ষেত্রে সকলেই রাজ্যের সরকারি কলেজ অধ্যাপক, ফলে তাঁদের নিয়োগে কোনও বাধা নেই।



কোর্ট কমিশনের ২০২৩ সালের বিজ্ঞপ্তিকে মান্যতা দিয়ে এটাও জানাচ্ছে যে, কমিশন জানাতে পারেনি, ঠিক কতজন শিক্ষককে তাঁদের ভোটের বুথে প্রয়োজন। ভোটের পাঁচ দিন আগে এইভাবে হস্তক্ষেপ করলে ভোটে খারাপ প্রভাব পড়তে পারে বলেও পর্যবেক্ষণ আদালতের। ফলে আপাতত কলেজ শিক্ষকদের ভোটের বুথে দায়িত্ব দিতে কমিশনের আর কোনও বাধা হইল না। বিচারপতি অধ্যাপকদের আইনজীবীদের উদ্দেশে বলেন, “কোন লেভেলের কোন পজিশনে কমিশন নিয়োগ করছে বলে কলেজ শিক্ষকদের সমস্যা হচ্ছে? এটা স্পষ্ট নয়। শিক্ষার কি নিজেদের পছন্দ মতো পদ চাইছেন, এটাই এখনও স্পষ্ট নয়। কীসের জন্য গোটা ভোট প্রক্রিয়ায় তাঁরা মামলা করে বাধা তৈরি করছেন?” আইনজীবী উত্তরে বলেন, “কমিশন নিজের মতো বিজ্ঞপ্তি দিয়ে ডিউটি দিচ্ছে। সেখানে রান্স স্ট্যাটিস ও বেতন দেখা হচ্ছে না। কিন্তু বিধিতে সেটাই দেখার কথা বলা আছে। বিধি অনুযায়ী গ্রুপ এ অফিসারদের সুনির্দিষ্ট কারণ না দেখিয়ে ভোটের বুথে নিয়োগ করা যায় না, অথচ এখানে সেই বিধি মানাই হয়নি।” ‘ভোটের তিনদিন আগে এটা করা যাবে না’ বলে স্পষ্ট নির্দেশ ডিভিশন বেক্সের। ডিভিশন বঞ্চ বলেছে, “আপনাদের এই মামলা ভোটের আবেহ একটা নতুন ঝামেলা তৈরি করবে। সবচেয়ে বড় কথা, কে কোন পদে কাজ করবে এটা কোথাও স্পষ্ট করা নেই। ভারতবর্ষে ভোটের জন্য সবাইকে বাঁপিয়ে পড়ে কাজ করতে হবে। এটা আমাদের দায়িত্ব।”

ভোটের দু’দিন আগে নন্দীগ্রামে বদল পুলিশ পর্যবেক্ষক নিজেদেরই নিযুক্ত কর্তাকে সরিয়ে দিল কমিশন

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২১ এপ্রিলঃ ভোটের দু’দিন আগে নন্দীগ্রামেও পুলিশ পর্যবেক্ষক বদল! ভোটের নির্ধািত যোগ্যতার হওয়ার পর জায়গায় জায়গায় পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করেছিল নির্বাচন কমিশন। নন্দীগ্রামে দায়িত্ব দেওয়া হয়েছিল হিতেন্দ্র চৌধুরীকে। আগামী ২৩ এপ্রিল ভোটগ্রহণের মাত্র কয়েক ঘণ্টা আগেই তাঁকে সরিয়ে দেওয়া হল। তাঁর জায়গায় দায়িত্ব দেওয়া হয়েছে অখিলেশ সিংকে। কিন্তু বিজ্ঞপ্তিকে কেন সরানো হল, তা এখনও স্পষ্ট নয়। কমিশন এ বিষয়ে আনুষ্ঠানিক ভাবে কিছু জানায়নি এখনও।

এর আগেও একাধিক জায়গায় পুলিশ পর্যবেক্ষক বদলে দিয়েছেন কমিশন। ঘটনাক্রমে, রাজ্যে আইনশৃঙ্খলা হাতে আসার পর যে সব পুলিশ অফিসারকে পর্যবেক্ষক করে পাঠানো হয়েছিল, সারানো হচ্ছে তাঁদেরই। চলতি মাসেই সরানো হয়েছিল কোচবিহারের পুলিশ পর্যবেক্ষককে। অখিলেশ উঠেছিল, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সঙ্গে বৈঠকে ওই পর্যবেক্ষক তাঁর আওতাধীন

এলাকার মোট ভোটকেন্দ্রের সংখ্যা বলতে পারেননি। তাতেই জ্ঞানেশ ক্ষুব্ধ হয়ে তাঁদের নির্যেশ নির্দেশ দেন। তার আগে মার্চ মাসেও মালদার চার কেন্দ্র মানিকক, মোথাবাড়ি, সূজাপুর এবং বৈষ্ণবনগরের পুলিশ পর্যবেক্ষকদের দায়িত্ব থাকা জয়ন্ত কান্তকে সরিয়ে দিয়েছিল কমিশন। উত্তরপ্রদেশের বাসিন্দা জয়ন্তের স্ত্রী বিজ্ঞপির নেত্রী, এই দাবি করে তৃণমূল কমিশনের দ্বারস্থ হয়েছিল। তাদের প্রশ্ন, জয়ন্তের স্ত্রী বিজ্ঞপির সঙ্গে যুক্ত হওয়ায় তিনি কি আদৌ নিরপেক্ষ ভাবে দায়িত্ব পালন করতে পারবেন? একই সঙ্গে আরও পাঁচ জন পুলিশ পর্যবেক্ষককে বদলের কথা জানিয়েছিল কমিশন। জঙ্গিপুর, রঘুনাথগঞ্জ, সাগরদিঘির দায়িত্বে আনা হয়েছিল নতুন পুলিশ পর্যবেক্ষক। নতুন পর্যবেক্ষক দেওয়া হয়েছিল জামুড়িয়া, আসানসোল দক্ষিণ, আসানসোল উত্তর, কুলটা, বারাবনিতও। খড়্গাপুর সদর, পিংলা, খড়্গাপুর এবং ডেববার দায়িত্বে থাকা পুলিশ পর্যবেক্ষককেও বদলে দেওয়া হয়েছিল।

নিজস্ব প্রতিনিধি, হলদিয়া, ২১ এপ্রিলঃ হলদিয়ার নির্বাচনী সভা থেকে নাম না করে শুভেন্দু অধিকারীকে তীব্র আক্রমণ মমতা বন্দ্যোপাধ্যায়ের। সেই সভা থেকেই মেদিনীপুর নিয়ে তাঁর ভবিষ্যৎ পরিকল্পনাও মঙ্গলবার জানিয়ে দিলেন তৃণমূল সুপ্রিমো। নির্বাচনী প্রচার সভা থেকেই নেত্রীর ঘোষণা, ভবিষ্যতে মেদিনীপুরের দায়িত্ব থাকবে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হাতেই। এ বিষয়ে তিনি বলেন, “আগামী দিনে মেদিনীপুরের দায়িত্ব নিয়ে অভিষেকই কাজ করবে।” এখানেই শেষ নয়, বিজেপি নেতা শুভেন্দু অধিকারীকে তৃমূল তুলোধোনা করেন নেত্রী। নাম না করে তাঁকে ‘গন্দার’ বলে অভিহিত করে তিনি বলেন, “হলদিয়া থেকে টাকা কোথায় যায় সব আমি জানি।” ২৬-এর ভোটের কাউন্টিংয়েও লোডশেডিংয়ের আশঙ্কা প্রকাশ নেত্রীর। এ দিন হলদিয়ার সুতাহাটা সুবর্ণ জম্জমী মাঠে নির্বাচনী প্রচারে যোগ দেন তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

গান্ধারদের রাজনৈতিক ভাবে উৎখাত করার দায়িত্ব আমাদের।” প্রসঙ্গত, এর আগে বিভিন্ন নির্বাচনী প্রচারে তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়কেও বলতে শোনা গিয়েছে ভোটের জয়ের পরে এলাকার উন্নয়নের দায়িত্ব তিনি নিজের কাঁধে নেন। তবে এই প্রথম তৃণমূল সুপ্রিমো সরাসরি মেদিনীপুরের কেন্দ্রগুলোর দায়িত্ব অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হাতে তুলে দেওয়ার কথা ঘোষণা করছেন। এ দিন হলদিয়ার সভার শুরু থেকেই

তৃণমূল সুপ্রিমোর নিশানায় ছিলেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। ২১-এর ভোটের স্মৃতি মনে করিয়ে গণনার আগে লোডশেডিংয়ের আশঙ্কা প্রকাশ করেন। তাঁর অভিযোগ, “আগের

তৃণমূল সুপ্রিমোর ভাষণে। নাম না করে অধিকারী পরিবারের বিরুদ্ধে গুরুতর অভিযোগ তোলেন তিনি। মমতা বলেন, “নন্দীগ্রামের ঘটনা সব জানত। বাপ-ব্যাটা কেউ কিন্তু ৭-১০ দিন বেরোয়নি। আমি একা

কটমনি কে খায়? যত কোম্পানি আছে, তাদের থেকে মাসে মাসে টাকা কে তোলে? সব একজনই তোলে। কত টাকা হলদিয়া থেকে যায়, এটার একটা তদন্ত হোক। তৃণমূলের লোকেরা শুধু প্রেস্তার হবে?” ক্ষোভ উগরে নেত্রীর সংযোজন, “আমি এদের আজ নয়। দীর্ঘদিন ধরে চিনি। আমি অনেক দিয়েছি এই পরিবারকে। আর পারব না দিতে। এখনও বিজেপির সাহায্যে দুধে ভাতে আছে। হাজার হাজার কোটি টাকা নিয়ে বিভিন্ন জায়গায় বিনিয়োগ করে রেখেছে।” এই সভা থেকেই প্রশাসনের কাছেও নিরপেক্ষ ভাবে কাজ করার অনুরোধ রেখেছেন তৃণমূল সুপ্রিমো।

একইসঙ্গে ভোটদান ও কাউন্টিংয়ের দিন জেলাবাসী সতর্ক থাকারও আর্জি জানিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার ব্যারাকপুরে তৃণমূল প্রার্থী রাজ চক্রবর্তীর সমর্থনেও জনসভা ছিল মুখ্যমন্ত্রীর। সেই সভা থেকে তিনি দাবি করেন, “বাজেটে বলেছিলাম ৪ শতাংশ ডিএ দেবা নির্বাচন কমিশন সেই কফিল আটকে রেখেছে। আমি বম্বব,

সরকারি কর্মচারীদের স্বার্থে দ্রুত কফিল ছাড়ুন। এটা আপনাদের কাছে যোগ্যরই কথা নয়, কারণ এটি ভোটের আগের ঘোষণা।” মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি, “ইতিমধ্যেই ২৫ শতাংশ ডিএ দেওয়া হয়েছে। নতুন করে ঘোষণা করা ৪ শতাংশ ডিএ এপ্রিল মাসের বেতনের সঙ্গেই সরকারি কর্মীরা পাবেন। আমি যা কথা দিই, তা রাখি।” হলদিয়া, বারাকপুর এবং জগদলপুরের পর কলকাতার জোড়াসাঁকোয় জনসভা করেন মমতা বন্দ্যোপাধ্যায়।

দ্বিতীয় দফায় আরও কড়া নিরাপত্তা

কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে থাকবে ৩৮ হাজারেরও বেশি রাজ্য পুলিশ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২১ এপ্রিলঃ আগামী ২৯ এপ্রিল দ্বিতীয় দফার নির্বাচন বাংলায়। ভোট রয়েছে কলকাতা-সহ একাধিক গুরুত্বপূর্ণ আসনে। ফলে দ্বিতীয় দফার নির্বাচনকে নিয়ে বিশেষভাবে সতর্ক কমিশন। আরও জোরদার করা হচ্ছে নিরাপত্তাবলয়। এই মর্মে একটি নির্দেশিকা জারি করা হয়েছে লালবাজারের তরফে। আর সেই নির্দেশিকা অনুসারে আগামী ২৯ এপ্রিল অর্থাৎ দ্বিতীয়দফায় মোতায়েন করা হচ্ছে মোট ৩৮,২৯৭ জন পুলিশকর্মীকে। শুধু রাজ্য পুলিশ নয়, থাকবে কেন্দ্রীয় বাহিনীও। কমিশন সূত্রে খবর, প্রায় আড়াই হাজার কোম্পানি কেন্দ্রীয় বাহিনী দ্বিতীয় দফার নির্বাচনে মোতায়েন থাকবে। জেলার অন্যান্য জায়গাগুলিতে কীভাবে কোথায় বাহিনীকে মোতায়েন করা হবে, সেই রূপরেখাও দেওয়া হয়েছে। নির্দেশ অনুযায়ী, বাসসত, বারাকপুর, বাকুইপুর, ডায়মান্ড হারবার, সুন্দরনগর, হাওড়া ক্রুরাল, কৃষ্ণনগর, রানামাটি, হুগলি কুরাল, পূর্ব বর্ধমান-সহ একাধিক জেলায় বিপুল এই বাহিনীকে মোতায়েন করা হবে। এছাড়াও বিধাননগর, হাওড়া ও চন্দননগর পুলিশ কমিশনারেট এবং আসানসোল-দুর্গাপুর এলাকাগুলিকে কেন্দ্র করেও রাজ্য পুলিশের নিরাপত্তাবলয় থাকবে বলে জানানো হয়েছে। তবে সবথেকে বেশি বাহিনী থাকবে কলকাতায়। থাকবে ৭,২৪১ জন। মূলত এলাকায় শান্তিশৃঙ্খলা বজায় রাখার পাশাপাশি স্পর্শকাতর বৃথগুলিতেও নজরদারি পরিকল্পনা রয়েছে বলে পুলিশ সূত্রে খবর। জারি করা নির্দেশিকা অনুযায়ী, আগামী ২৪ এপ্রিল থেকেই ধাপে ধাপে বাহিনী নির্দিষ্ট এলাকাগুলিতে পৌঁছে যাবে। তবে ভোটের আগে অর্থাৎ ২৬ এপ্রিলের মধ্যেই তা সম্পূর্ণ করে ফেলতে হবে স্পষ্ট বার্তা। শুধু তাই নয়, প্রতিটি জেলায় একজন করে নোডাল অফিসার নিয়োগ বাধ্যতামূলক করা হয়েছে। যিনি গোটা বারবাহপনা তদারকি করবেন। লালবাজার স্পষ্ট জানিয়ে দিয়েছে, বাহিনী মোতায়েনের ক্ষেত্রে কোথাও কোনও ঘাটতি বরাদ্দ করা হবে না।

প্রথম দফায় ১৬ জেলায় ১৫২ আসনে ভোটগ্রহণ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২১ এপ্রিলঃ রাজ্যের আসন্ন বিধানসভার নির্বাচনে প্রথম দফায় আগামী ২৬ এপ্রিল ১৬টি জেলায় মোট ১৫২ আসনে ভোট গ্রহণ করা করা হবে। ভোট গ্রহণের জন্য ২ হাজার ৯৫৮টি অক্সিলিয়ারি সহ মোট ৪৪ হাজার ৩৭৬টি ভোটগ্রহণ কেন্দ্র শোলা হচ্ছে। শহরে ৫ হাজার চারশো ৮৭টি এবং গ্রামাঞ্চলে ৩৫ হাজার ৯৬১টি ভোটগ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে। মোট ভোটগ্রহণ কেন্দ্রের ৫ হাজার ৬৪৪টি ভোটগ্রহণ কেন্দ্র সম্পূর্ণ মহিলা পরিচালিত, ২০৭টি মডেল ভোটগ্রহণ কেন্দ্র থাকবে।

বালুরাট ও আসানসোল উত্তর এই দুই বিধানসভা কেন্দ্রের ১টি করে মোট দুটি ভোটগ্রহণ কেন্দ্র পিডব্লিউ পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র। ১০০ শতাংশ ভোটগ্রহণ কেন্দ্রে ওয়েবকাস্টিং করা হবে। প্রথম দফা নির্বাচনে মোট ১ হাজার চারশো ৭৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করছে তার মধ্যে মহিলা প্রার্থীর সংখ্যা ১৬৭ জন। প্রথম দফা ভোটগ্রহণে প্রতিদ্বন্দ্বী

প্রার্থীর হিসেবে সবচেয়ে বেশি ১৫ জন প্রার্থী রয়েছে কোচবিহার দক্ষিণ, করণদীঘি ও ইটাহারা। এবং প্রার্থীর দিক থেকে সবচেয়ে ছোট চন্দ্রকোনা বিধানসভা কেন্দ্রে সেখানে প্রার্থীর সংখ্যা ৫। প্রথম দফায় ১০০ বেশি বয়সের ভোটারের সংখ্যা চার হাজার ২৫, ৮৫ বছরের বেশি ভোটারের সংখ্যা ২ লক্ষ চার হাজার ৬১৮ জন। পিডব্লিউ ভোটারের সংখ্যা ৬ লক্ষ ৫৩ হাজার দুশো ৪৪ জন। বিধানসভা কেন্দ্রের আয়তনের দিক থেকে সবচেয়ে ছোট বিধানসভা কেন্দ্র শিলিগুড়ি যার আয়তন ৪১ দশমিক ৯ বর্গ কিলোমিটার, এবং সবচেয়ে বড় বিধানসভা কেন্দ্র কালিঙ্গপুর। ভোটারের নিরিখে সবচেয়ে ছোট বিধানসভা কেন্দ্র মর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ ভোটদাতার সংখ্যা ১ লক্ষ ৬১ হাজার এর বেশি। এবং বড় বিধানসভা কেন্দ্র ওই জেলারই দাসপুর বিধান সভা কেন্দ্র ২ লক্ষ ৯৬ হাজারের বেশি বলে রাজ্যের মুখ্য নির্বাচনী অধিকারিকের দপ্তর সূত্রের খবর।

‘মমতার সরকারের সবচেয়ে বড় ব্র্যান্ড অ্যান্ডারমোদি’, ঝালমুড়ির প্রসঙ্গ টেনে খোঁচা অভিষেকের

নিজস্ব প্রতিনিধি, ঝাড়গ্রাম, ২১ এপ্রিলঃ গত রবিবার ঝাড়গ্রামের রাস্তায় দাড়িয়ে ঝালমুড়ি খেয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মঙ্গলবার সেই ঝাড়গ্রামে দাড়িয়ে মোদিকে তোপ দাগলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক এবং সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। তুলনেনে ঝালমুড়ি প্রসঙ্গও। তাঁর অভিযোগ, ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী মোদি। কেন এ কথা বলেছেন, সেটাও খোলাসা করেছেন তিনি। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের মতে, ঝাড়গ্রামে ২০১১ সালের আগে মানুষ ১০টার পরে বেরোতেন না। সেখানে প্রধানমন্ত্রী ঝালমুড়ি খাচ্ছেন, এটাই মমতা সরকারের উন্নয়ন বলে জানিয়েছেন তিনি। তুলে এনেছেন পাহাড়ের প্রসঙ্গ। অভিষেকের দাবি, “যে পাহাড়ে নয়ের দশকের পরে কোনও মুখ্যমন্ত্রী বা কেন্দ্রীয় মন্ত্রী যেতে পারতেন না, সেখানে অমিত শাহ এসে মিটিং করছেন।” প্রসঙ্গত এ দিনই সুকান্য দলীয় প্রার্থীর সমর্থনে মিটিং করেছেন অমিত শাহ। যে দোকানে মুড়ি খেয়েছেন নরেন্দ্র মোদি। সেই দোকানদার আদতে বিহারের গয়ায় বাসিন্দা। এই বিষয়টি টেনে বিজেপির ডবল ইঞ্জিন সরকার- নিয়ে প্রচারের বিরুদ্ধে


ঝালমুড়ি খেতে দেখিনি। মধ্যপ্রদেশে কোথাও দেখিনি।” তাঁর তর্পাদ, “২০১১ সালের আগে যদি এই ঘটনা ঘটত, প্রধানমন্ত্রীর হেলিকপ্টার ঝাড়গ্রামে নামত না, আকাশেই চক্রর কটিত।” ঝাড়গ্রামের সভা থেকে প্রধানমন্ত্রীকে কটাক্ষ করেছেন অভিষেক। তিনি বলেন, “মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের সবচেয়ে বড় ব্র্যান্ড অ্যান্ডারমোদি প্রধানমন্ত্রী মোদি।” কেন এ কথা বলেছেন, সেটাও খোলাসা করেছেন তিনি। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের মতে, ঝাড়গ্রামে ২০১১ সালের আগে মানুষ ১০টার পরে বেরোতেন না। সেখানে প্রধানমন্ত্রী ঝালমুড়ি খাচ্ছেন, এটাই মমতা সরকারের উন্নয়ন বলে জানিয়েছেন তিনি। তুলে এনেছেন পাহাড়ের প্রসঙ্গ। অভিষেকের দাবি, “যে পাহাড়ে নয়ের দশকের পরে কোনও মুখ্যমন্ত্রী বা কেন্দ্রীয় মন্ত্রী যেতে পারতেন না, সেখানে অমিত শাহ এসে মিটিং করছেন।” প্রসঙ্গত এ দিনই সুকান্য দলীয় প্রার্থীর সমর্থনে মিটিং করেছেন অমিত শাহ। যে দোকানে মুড়ি খেয়েছেন নরেন্দ্র মোদি। সেই দোকানদার আদতে বিহারের গয়ায় বাসিন্দা। এই বিষয়টি টেনে বিজেপির ডবল ইঞ্জিন সরকার- নিয়ে প্রচারের বিরুদ্ধে



বড়জোড়া। ২০১৯ সাল থেকে বিষ্ণুপুরে বিজেপি সাংসদ। এই লোকসভার অধীনে একাধিক বিধানসভাও বিজেপির দখলে। অভিষেকের চ্যালেঞ্জ, ডবল ইঞ্জিনের সরকারের কথা যাঁরা বলেন, তাঁরা তৃণমূল সরকারের মতো উন্নয়ন করতে পারেননি তাঁর ভাষণে এসেছে বড়জোড়া সুপার স্পেশালিটি হাসপাতালের কথা। এই কেন্দ্রের বাসিন্দাদের গুরুতর রোগের চিকিৎসার জন্য আগে বাকুড়া মেডিক্যাল কলেজে অথবা দুর্গাপুরে যেতে হতো। এখন বড়জোড়া সুপার স্পেশালিটি হাসপাতালে একাধিক রোগের চিকিৎসা শুরু হয়েছে। রয়েছে কেমেথেরাপি, ডায়ালিসিস ও ব্লাড ব্যাকের সুবিধাও। ২০২১ সালের নির্বাচনে ফায়ার ব্রিগেড করা হবে বলে কথা দিয়েছিলেন অভিষেক। ওই নির্বাচনে বড়জোড়ার জয়ী হন তৃণমূলের প্রার্থী। তারপরে সেই আশ্বাস পূর্ণ করা হয়েছে বলে মনে করিয়েছেন অভিষেক। ওই এলাকায় আইটিআই কলেজ ও কর্মরত, কিসান মাণ্ডির কাজ হয়েছে বলে মনে করিয়ে দিয়েছেন তৃণমূলের সাধারণ সাংসদ। বড়জোড়া গ্রন্থের ১১টি পধ্যতেই এবং গঙ্গাজলঘাটের ৬টি পধ্যতেই নিয়ে তৈরি বড়জোড়া বিধানসভা। সেখানে মোট ৮০ হাজার

জন লক্ষ্মীর অগুর পান, যার জন্য সরকার খরচ করে মাসে ১৩ কোটি টাকা। গত ৩ বছরে এই এলাকায় ৮০ কোটি টাকার প্রাণী রাস্তা তৈরি হয়েছে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আশ্বাস, আগামী পাঁচ বছরে ১৬০ কোটি টাকার রাস্তা হবে। নলবাহিত পানীয় জল এবং আবাসন প্রকল্পের কাজ নিয়েও বড় আশ্বাস দিয়েছেন। কেন জেতাতে হবে তৃণমূলের? এ দিন অভিষেক বললেন, “বিজেপি জিতলে বড়জোড়ার টাকা যাবে গুজরাটে। তৃণমূল জিতলে বাকুড়ার টাকা বাকুড়ায়, বড়জোড়ার টাকা বড়জোড়ায়, গঙ্গাজলঘাটের টাকা গঙ্গাজলঘাটতে ব্যবহৃত হবে।” তাঁর আশ্বাস এই এলাকা থেকে তৃণমূল জিতলে সেই বিধায়ক গঙ্গাজলঘাট, বেলিয়াতোড়, বড়জোড়া ছুটে বোড়বেন। বড়জোড়া থেকে ৩০ হাজার ভোটে জিতলে টোমথার মোড়ের বাসজন্দের সমস্যা মোটামো হবে বলে আশ্বাস দিয়েছেন অভিষেক। এ দিন অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, “শ্যাম মিশ্র জিতলে বড়জোড়ার সার্বিক উন্নয়নের দায়িত্ব আমার।” সাধারণ কর্মী-সমর্থকদের উদ্দেশে মঞ্চে মাথা ঠেকিয়ে প্রণাম করে অভিষেক বলেন, “এই ভালোবাসার ঋণ সুদে আসলে আগামী দিনে শোধ করা হবে।”

কিছু সীমা অতিক্রম করতে নেই, পহেলগাম হামলার বার্ষিকীর আগে বার্তা সেনার



নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ২১ এপ্রিল : পহেলগাম সন্ত্রাসী হামলার বার্ষিকীর প্রাক্কালে, ভারতীয় সেনাবাহিনী মঙ্গলবার নায়বিচারের প্রতি নিজেদের অঙ্গীকার পূর্নবাক্ত করেছে। ‘মানবতার সীমা’ লঙ্ঘিত হলে কঠোর ব্যবস্থা নেওয়ারও হুঁশিয়ারি দিয়েছে। সেনার পক্ষ থেকে ম্পষ্টভাবে বার্তা দেওয়া হয়েছে, ‘কিছু সীমা কখনোই অতিক্রম করা উচিত নয়।’মঙ্গলবার এক্স মাধ্যমে ভারতীয় সেনাবাহিনী জানিয়েছে, যখন মানবিকতার সীমা লঙ্ঘিত হয়, তখন জবাব হয় চূড়ান্ত। নায়বিচার প্রতিষ্ঠিত হয়। ভারত একাবদ্ধ। পোস্টারটির সঙ্গে একটি ভিজুয়াল বার্তাও ছিল, যেখানে লেখা ছিল কিছু সীমা কখনোই লঙ্ঘন করা উচিত নয়। উল্লেখ্য, পহেলগাম সন্ত্রাসী হামলার বার্ষিকীকে সামনে রেখে জন্ম ও কাশ্মীরের প্রধান পর্বটন কেন্দ্রগুলিতে উচ্চ সতর্কতা জারি করা হয়েছে। মঙ্গলবার স্টেটলি রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ) স্থানীয় পুলিশের সঙ্গে ডাল লেকের আশেপাশে টহল জোরদার করেছে।

বিভিন্ন রুট থেকে বাস তুলে নেওয়ায় যাত্রী পরিষেবা দিতে অসুবিধা

কলকাতা,২১ এপ্রিলঃ আগামী বৃহস্পতিবার প্রথম দফা এবং উনত্রিশ তারিখে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনের জন্য বিভিন্ন রুট থেকে বাস তুলে নেওয়ায় যাত্রী পরিষেবা দিতে অসুবিধা হবে বলে বিভিন্ন বাস সংগঠন জানিয়েছে। জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেটের সম্পাদক তপন বণে দ্যাপাধ্যায় জানিয়েছেন বৃহস্পতিবারের নির্বাচনের জন্য আজ থেকে বিভিন্ন রুটে প্রচুর সংখ্যায় বাস অধিগ্রহণ করা হয়েছে। আগামীকালের মধ্যে তাদের নির্বাচনী দায়িত্বে রিপোর্ট করবে বলা হয়েছে। অন্যদিকে ২৯ তারিখে নির্বাচনের আগে ২৬ তারিখ থেকেই বিভিন্ন রুটের তুলে নেওয়া বাসগুলিকে সংশ্লিষ্ট ডিসিআরসি তে রিপোর্ট করতে বলা হয়েছে বলে তিনি জানিয়েছেন। টোটা মে ভোট গণনার পরে ৬ তারিখ পর্যন্ত রাত্তায় বাস কম থাকবে বলে পরিবহন সংগঠনের তরফে জানানো হয়েছে।

আবহাওয়ায় বদল হিমাচল প্রদেশে, ঝড়-বৃষ্টির পূর্বাভাস শিমলা, ২১ এপ্রিল ঃফের আবহাওয়ায় বদল হিমাচল প্রদেশে । মঙ্গলবার আবহাওয়া দফতরের

তরফ থেকে জানানো হয়েছে, একটি পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে শুক্রবার রাজ্যের বেশ কিছু অঞ্চলে রয়েছে ঝঞ্ঝাবিদ্যুৎ-সহ ঝড় বৃষ্টির আশঙ্কা। পার্বত্য অঞ্চলে রয়েছে তুষারপাতের সম্ভাবনা ২৫ এবং ২৬ এপ্রিল থাকবে এই পরিস্থিতি। বেশ কিছু অঞ্চলে জারি করা হয়েছে হলুদ সতর্কতা। হাওয়ার বেগ থাকবে ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার পর্যন্ত। প্রশাসনের তরফ থেকে স্থানীয়দের নিরাপদ স্থানে থাকার ও বাড়ি থেকে বাইরে না বেরোনোর পরামর্শ দেওয়া হয়েছে।বিগত কয়েকদিন ধরে রাজ্যে দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি রেকর্ড করা হয়েছে। গত ২৪ ঘণ্টায় উনা ছিল রাজ্যের উষ্ণতম স্থান , সর্বোচ্চ তাপমাত্রা ৩৮.৪ ডিগ্রি সেলসিয়াস। এছাড়াও , কিম্বারের কন্নার্য় তাপমাত্রা ৬.৬ ডিগ্রি সেলসিয়াস, সারাহানে তাপমাত্রা ৯.১ ডিগ্রি সেলসিয়াস, মানালিতে তাপমাত্রা ১২.৯ ডিগ্রি সেলসিয়াস, সুন্দরনগরে তাপমাত্রা ১৩.৪ ডিগ্রি সেলসিয়াস, সোলোনে তাপমাত্রা ১৩.৫ ডিগ্রি সেলসিয়াস, শিলাও মালিতে তাপমাত্রা ১৪.৬ ডিগ্রি সেলসিয়াস, পালমপুুরে তাপমাত্রা ১৫.০ ডিগ্রি সেলসিয়াস, কাংরায় তাপমাত্রা ১৫.৪ ডিগ্রি সেলসিয়াস।আবহাওয়া দফতরের তরফে আরও জানানো হয়েছে।

যোষণা

দূরন্ত প্রকাশন (গ্রাঃ) লিমিটেড বা তার কোনও এজেন্ট এই সংবাদপত্রে প্রকাশিত কোনও বিজ্ঞানের যথার্থতা ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোনও ভাবে দায়বদ্ধ নয়। এই সংবাদপত্রে প্রকাশ করা বিজ্ঞাপনগুলি শুধুমাত্র সরল বিশ্বাসে গ্রহণ করা হয়। এই যোগাধার ভিত্তি সরঞ্জাবের স্পেশাল ব্রহ্মই আশ্রয়ে নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

নারী সংরক্ষণ বিল নিয়ে তীব্র আক্রমণ, রাহুল ও স্ট্যালিনকে ‘বিশ্বাসঘাতক’ বললেন চন্দ্রবাবু নাইডু

চেন্নাই(সংবাদ সংস্থা), ২১ এপ্রিলঃ লোকসভায় মহিলাদের জন্য নারী সংরক্ষণ সংশোধনী বিল ঘিরে রাজনৈতিক উত্তাপ ক্রমশ বাড়ছে। এই ইস্যুতেই এবার কংগ্রেস নেতা Rahul Gandhi এবং তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী M. K. Stalin-এর বিরুদ্ধে তীব্র আক্রমণ শালেনে নাইডু সরাসরি অভিযোগ করেন, নারী সংরক্ষণ বিল পাস না হওয়ার জন্য বিরোধী শিবিরই দায়ী এবং এর মাধ্যমে তারা দেশের মহিলাদের সঙ্গে বিশ্বাস ঘাতকতা করেছে।সাংবাদিকদের সামনে বক্তব্য রাখতে গিয়ে নাইডু বলেন, বিরোধীরা দাবি করছে যে তারা সীমানা নির্ধারণ বা ডিলিমিটেশন বিলকে পরাজিত করেছে। কিন্তু তাঁর প্রশ্ন, এই পরাজয়ের কী ভাবে ‘ বিজয়’ বলা যায়? তাঁর কথায়, কংগ্রেস এবং ডিএমকে-কে দেশের মানুষের কাছে ম্পষ্ট করে বলতে হবে, এই অবস্থান

৬ মে-র মধ্যেই গোষ্ঠী সমস্যার সমাধান, কাশিয়াঙে গিয়ে আশ্বাস অমিত শাহের



নিজস্ব প্রতিনিধি,কাশিায়াং, ২১ এপ্রিলঃ গোষ্ঠীদের বড় আশ্রয় দিলেন বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেন, পশ্চিমবঙ্গে বিজেপির সরকার গঠিত হওয়ার পরই, ৬ মে প্রত্যেক গোষ্ঠীর মুখে সম্ভষ্টির হাসি থাকবে। আমরা এমন সমাধান বের করব। কংগ্রেস, তৃণমূল এরা সকলে দার্জিলিঙের সঙ্গে, আমার দেশভক্ত গোষ্ঠী ভাইয়ের সঙ্গে অন্যায় করেছে। আমি ৯ বছর ধরে এখানে আসছি। আমি আপনাদের কথা দিয়ে যাচ্ছি, বিজেপির সরকার গঠিত হলেই ৬ মে-র মধ্যে এত দিন ধরে ঝুলে থাকা গোষ্ঠী সমস্যার সমাধান করে যাব। গোষ্ঠীদের মতো করেই সমাধান করব।মঙ্গলবার শেষ হচ্ছে প্রথম দফার ভোটের প্রচারা। প্রথম দফার ভোটের প্রচারপর্বের শেষ দিনে

শ্রীলঙ্কা থেকে দেশে ফিরলেন ১৯ জন তামিল মৎস্যজীবী, প্রধানমন্ত্রীর প্রতি জানালেন কৃতজ্ঞতা

চেন্নাই, ২১ এপ্রিলঃ শ্রীলঙ্কা থেকে দেশে ফিরলেন ১৯ জন তামিল মৎস্যজীবী। আন্তর্জাতিক জলসীমা লঙ্ঘনের দায়ে ওই ১৯ জন মস্যাজীবীকে আটক করেছিল শ্রীলঙ্কা নৌবাহিনী। অত্যাশয়ে মঙ্গলবার তারা দেশে ফিরলেন। চেন্নাই বিমানবন্দরে ফেরার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় সরকারের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন সবাই।শ্রীলঙ্কায় আটক তামিলনাড়ুর ১৯ জন মৎস্যজীবী মৃত্তি পাওয়ার পর মঙ্গলবারই চেন্নাই ফিরেছেন। রামনাথপুুরের বাসিন্দা



নিয়ে তারা আসলে কী অর্জন করতে চায়। নাইডুর দাবি, নারী সংরক্ষণ বিল পাশ না হওয়ায় দেশের মহিলাদের রাজনৈতিক ক্ষমতায়নের একটি বড় সুযোগ হাতছাড়া হয়েছে, যার দায় এড়াতে পারে না বিরোধীরা।নিজেকে একজন অভিজ্ঞ রাজনীতিবিদ হিসেবে তুলে ধরে নাইডু বলেন, তিনি দীর্ঘদিন ধরে জাতীয় রাজনীতির সঙ্গে যুক্ত এবং এই গোটা প্রক্রিয়ার প্রত্যক্ষ সাক্ষী। তাঁর মতে, সীমানা নির্ধারণ একটি

অনিবার্য প্রক্রিয়া এবং এটি নিয়ে অযথা বিভ্রান্তি তৈরি করা হচ্ছে। তিনি প্রশ্ন তোলেন, বিরোধীদের কাছে এর চেয়ে ভালো কোনও বিকল্প প্রস্তাব আছে কি না। একইসঙ্গে তিনি আশ্বস্ত করেন, এই প্রক্রিয়ায় কোনও রাজ্যের প্রতি অবিচার করা হবে না বলেই কেন্দ্র ইতিমধ্যেই ম্পষ্ট করেছে।এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী Piyush Goyal এবং রামমোহন নাইডু কিঞ্জরাপুও। তাঁদের

কেদারনাথ মন্দিরে চত্বরে নিষিদ্ধ মোবাইল ব্যবহার, অমান্য করলেই ব্যবস্থা

রুদ্রপ্রয়াগ, ২১ এপ্রিলঃ বুধবার থেকে পূণ্যাধীদের জন্য খুলে দেওয়া হবে কেদারনাথ মন্দিরের দরজা। তার আগে মঙ্গলবার মন্দির কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে, কেদারনাথ মন্দির চত্বরে মোবাইল ফোন ব্যবহারে সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। কেউ এই নির্দেশ অমান্য করলে তার বিরুদ্ধে নেওয়া হবে ব্যবস্থা।কেদারনাথ মন্দির কমিটির সদস্য বিনীত পোস্টি বলেন, কেদারনাথ মন্দির চত্বরে মোবাইল

উপস্থিতিতে নাইডু আরও এক ধাপ এগিয়ে প্রধানমন্ত্রী Narendra Modi-র ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, মোদী একজন অত্যন্ত প্রগতিশীল নেতা এবং একজন সংস্কারক হিসেবে তাঁর ভাবনা দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মুখ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রী হিসেবে মোদীর দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি সবসময় বিশ্বমানের সেরা চর্চাগুলিকে ছাড়িয়ে যাওয়ার চেষ্টা করেছেন বলেও উল্লেখ করেন নাইডু।নাইডুর বক্তব্যে ম্পষ্ট, নারী সংরক্ষণ বিল ঘিরে রাজনৈতিক লড়াই আগামী দিনে আরও তীব্র হতে চলেছে। একদিকে যেখানে বিরোধীরা নিজেদের অবস্থানকে সঠিক বলে দাবি করছে, অন্যদিকে শাসক ও সহযোগী দলগুলি তাদের বিরুদ্ধে সর্বব হয়ে উঠছে। এই পরিস্থিতিতে দেশের রাজনীতিতে নারী প্রতিনিধিত্বের প্রশ্নটি আবারও কেন্দ্রবিন্দুতে উঠে এসেছে।


সুতাহটার সত থেকে বিজেপিকে নিশানা মমতার



নিজস্ব প্রতিনিধি,পূর্ব মেদিনীপুর, ২১ এপ্রিল : হলদিয়া বিধানসভার প্রার্থী তাপসী মণ্ডলের সমর্থনে মঙ্গলবার সুতাহটার সভায় পৌঁছান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নাম না করে সেখানে শুভেদ্দুকে খোঁচা দেন মমতা। তিনি বলেন, অপনারা এ বার নিজেদের অস্তিত্ব বাঁচানোর জন্য, যদি পূর্ব মেদিনীপুর জেলা কোনও পদার্থের হাতে বিক্রি করতে না চান , তা হলে সব আসনে, সব চক্রান্ত ব্যর্থ করে জোড়াসালকে ভোট দিতে হবে। সুতাহাটা আমাদের আগেও বিজয়ক দিয়েছে। কিন্তু এখন দুর্ভাগ্য, একটা পার্টি এই মেদিনীপুর জেলায় নিজেরের লোকদের সব ডেপুটি করেছে। তারা সব এক পক্ষ হয়ে কাজ করছে। বিজেপির পক্ষ হয়ে

কাজ করছে।মমতা অভিযোগ করেন, যত কোম্পানি আছে, তাদের থেকে মাসে মাসে টাকা কে তোলো? সব একজনই তোলে। সেই টাকা অর্ধেক নিজে নেয়া। বাদ বাকীটা ঘরে বাইরের নেতাকে। আমি সবটাই জানি। ২০২১ সালের বিধানসভার ফলাফল নিয়ে মমতা বলেন, জেতার পরেও লেভেলিংগ করে ইভিএম মেশিন লুট করেছে। কাউন্টিং লুট করছে। মমতা বলেন, হলদিয়ায় আমরা ৫০ হাজার কোটি টাকা বরাদ্দ করেছি। বিনিয়োগ করেছে। ১ লক্ষ ২০ হাজারের বেশি মানুষ চাকরি করছেন। ৩৩৪ একরের উপরে হলদিয়া ইন্ডাস্ট্রিয়াল পার্ক তৈরি করা হয়েছে। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনকে জমি দিয়েছি।

জনসেবা দিবসে সিভিল সার্ভেটদের শুভেচ্ছা উপরাষ্ট্রপতি ও লোকসভা স্পিকারের



নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ২১ এপ্রিল : জনসেবা দিবসে সমস্ত সিভিল সার্ভেটদের উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন এবং লোকসভার স্পিকার ওম বিডলা সহ দেশের একাধিক শীর্ষনেতা আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। সুশাসন প্রতিষ্ঠা, স্বচ্ছতা বজায় রাখা এবং নাগরিক-কেন্দ্রিক উন্নয়নে তাঁদের নিষ্ঠা ও অবদানের ভূয়সী প্রশংসা করেন নেতৃবৃন্দ।উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন সিভিল সেবকদের প্রশাসনিক কাঠামোর ‘স্থায়ী স্তম্ভ’ হিসেবে অভিহিত করেন। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে ‘ বিকশিত ভারত’ গড়ার যে লক্ষ্য নেওয়া হয়েছে, তা পূরণে পরিষেবাকে সমাজের অন্তিম ব্যক্তির কাছে পৌঁছে দেওয়া অত্যন্ত জরুরি। সরকারি পরিষেবার কার্যকর বর্তনে সিভিল সেবকদের নিষ্ঠার প্রশংসা করেন তিনি।লোকসভা স্পিকার ওম বিডলা সিভিল সেবকদের ‘ জাতি গঠনের মেরুদণ্ড’ বলে বর্ণনা করেছেন। তাঁর মতে, দূরদূরান্তের গ্রাম থেকে শুরু করে বা শহর পর্যন্ত নীতি নির্ধারণ ও আইন-শৃঙ্খলা রক্ষায় তারা সরকার ও জনগণের মধ্যে এক শক্তিশালী সেতু হিসেবে কাজ করেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, সততার সঙ্গে নাগরিক পরিষেবা প্রদান এবং নীতি বাস্তবায়নে তাঁদের অবদান অনস্বীকার্য। অন্যদিকে, কেন্দ্রীয় মন্ত্রী নিতিন গডকারি সিভিল সেবকদের সেবা মনোভাবকে দেশের অগ্রগতির প্রধান ভিত্তি হিসেবে উল্লেখ করেন।অন্যদিকে জনসেবা দিবসে সমস্ত সিভিল সার্ভেটদের আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। মঙ্গলবার সকালে এক্স মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি জানান, সিভিল সার্ভেটদের অঙ্গীকার সংবেদনশীল শাসনব্যবস্থাকে শক্তিশালী করতে এবং সরকারি প্রতিষ্ঠানগুলিকে সুদৃঢ় করতে নিরন্তর কাজ করে চলেছে। উদ্ভাবনী, ভবিষ্যমুখী ও নাগরিক কেন্দ্রিক নীতি প্রণয়ন থেকে শুরু করে সেগুলোর কার্যকর বাস্তবায়ন পর্যন্ত, আপনাদের কাজ লক্ষ লক্ষ মানুষের জীবনযাত্রার মানের ওপর উল্লেখযোগ্য প্রভাব ফেলোর।রাষ্ট্রপতি আরও জানান, ভারত যখন নতুন আকাশকক্ষ নিয়ে এগিয়ে চলেছে, তখন আপনাদের সততা ও সহানুভূতি দেশ ও দেশের নাগরিকদের মধ্যে ব্যবধান দূর করতে, অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরিতে এবং আস্থা জোরদার করতে সহায়ক হবে। আপনারা জনসেবার সর্বোচ্চ মান বজায় রেখে চলুন এবং আরও ন্যায্যসঙ্গত ও প্রগতিশীল একটি দেশ গঠনে অর্ধবছর অবদান রাখুন। অন্যদিকে জনসেবা দিবসে দেশের সমস্ত সিভিল সার্ভেটদের শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মঙ্গলবার এক্স মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী মোদী জানান, সিভিল সার্ভেটদের গঠনটি অগণিত মানুষের জীবনকে স্পর্শ করে এবং ভারতের অগ্রগতিতে অবদান রাখাে।প্রধানমন্ত্রী মোদী এক্স মাধ্যমে জানান, জনসেবা দিবসে সমস্ত সিভিল সার্ভেটদের শুভেচ্ছা করে।

মহিলা মুখ্যমন্ত্রী সন্ত্বেও পশ্চিমবঙ্গের নারীরা সুরক্ষিত নন:রেখা গুপ্তা

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ২১ এপ্রিল : তৃণমূল কংগ্রেস নেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের তীব্র সমালোচনা করলেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা। মঙ্গলবার সকালে কলকাতায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, মহিলা মুখ্যমন্ত্রী সন্ত্বেও পশ্চিমবঙ্গের নারীরা সুরক্ষিত নন। রেখা বলেন, ভোটের দিন যতই এগিয়ে আসছে, আমাদের বিশ্বাস ততই দৃঢ় হচ্ছে যে, ভয় ও নিপীড়নের মধ্যে থাকা বাংলার প্রতিটি বাসিন্দা বিজেপি সরকার গঠনের সিদ্ধান্ত নিয়েছেন এবং টোটা মে যখন ফলাফল আসবে, তখন তা বিশ্বাসযোগ্য ও উন্নয়নমুখী রাজনীতির মাধ্যমে সম্মানজনকও নির্ভয় শাসন নিয়ে আসবে।তিনি আরও বলেন, রাজ্যে গুপ্তামি ব্যাপক



আকার ধারণ করেছে এবং প্রত্যেক নারী ঘর থেকে বের হতে ভয় পান। আর বের হলেও মুখ্যমন্ত্রী তাঁকে প্রশ্ন করেন, সেটা আর জি কর মামলা হোক অথবা অন্য কোনও ঘটনা। একজন নারী মুখ্যমন্ত্রীর অধীনেও রাজ্যের নারীরা মোটেই নিরাপদ নন। রাজ্যে দুর্নীতি ব্যাপক হারে বেড়েছে। এখানকার প্রতিটি ক্ষেত্রে মাফিয়ারা জড়িত। বড় প্রশ্ন হলো: আমরা কেন আবার তৃণমূলকে ভোট দেব?

ভোটের দু’দিন আগে থেকে বাইক চলাচলে কড়া বিধিনিষেধ কমিশনের

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ২১ এপ্রিল : ২০২৬ সালের পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে ভোটগ্রহণের দু’দিন আগে থেকেই বাইক চলাচলের ওপর কঠোর বিধিনিষেধ আরোপ করল নির্বাচন কমিশন। মঙ্গলবার জারি করা এক বিজ্ঞপ্তিতে কমিশন জানিয়েছে, নির্বাচনের আগে কোনও ধরনের বাইক র‍্যালি বা মিছিলের অনুমতি দেওয়া হবে না। একইসঙ্গে সন্ধ্যা ৬টা থেকে সকাল ৬টা পর্যন্ত বাইক চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি থাকবে। এমনকি ভোটের দিন বাইক ব্যবহারের ক্ষেত্রেও একাধিক নিয়ম পালন করতে হবে।কমিশন ম্পষ্ট করেছে যে, জরুরি পরিস্থিতি যেন-চিকিৎসা সংক্রান্ত কাজ, পারিবারিক প্রয়োজনীয়তা বা শিশুদের স্কুলে যাতায়াতের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে না। এছাড়া সামাজিক অনুরোধে যোগদানকারী ব্যক্তি এবং অ্যাপ-ভিত্তিক অ্রমণ পরিষেবাগুলির ক্ষেত্রেও এই নিয়মে ছাড দেওয়া হয়েছে। তবে বিশেষ কোনও পরিস্থিতিতে যদি কেউ এই বিধিনিষেধ থেকে ছা। চান, তবে তাঁকে স্থানীয় থানা থেকে লিখিত অনুমতি নিতে হবে।রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে নির্দেশ দেওয়া হয়েছে যেন সংবাদমাধ্যম, দূরদর্শন এবং সেশ্যোয়াল মিডিয়ার মাধ্যমে এই বিধিনিষেধের ব্যাপক প্রচার চালানো হয়। অবাধ ও সুষ্ট নির্বাচন নিশ্চিত করতেই এই নিয়মগুলি কড়াকড়িভাবে পালনের নির্দেশ দিয়েছে কমিশন।আগামী ২৩ এপ্রিল, বৃহস্পতিবার রাজ্যের ১৫২টি বিধানসভা কেন্দ্রে প্রথম দফার ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। সেই লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকাগুলিতে সোমবার থেকেই বাইক সংক্রান্ত বিধিনিষেধ কার্যকর করা হয়েছে। অন্যদিকে, ২৯ এপ্রিল দ্বিতীয় দফার ১৪২টি আসনে ভোটগ্রহণ হবে, যার জন্য আগামী ২৭ এপ্রিল থেকে একই ধরনের নিষেধাজ্ঞা কার্যকর হবে।

প্রিন পুলিশদের ভোটের কোনো কাজে লাগানো যাবে না বলে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে

নিজস্ব প্রতিনিধি,কলকাতা,২১ এপ্রিলঃরাজ্যের বিধানসভা নির্বাচনে সিকিউ পুলিশ, ভিলেজ পুলিশ এবং গ্রিন পুলিশদের ভোটের কোনো কাজে লাগানো যাবে না বলে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের জারি করা নির্দেশিকায় ম্পষ্ট বলা হয়েছে, অবাধ ও স্বচ্ছ নির্বাচন নিশ্চিত করতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।নির্দেশিকা অনুযায়ী, ভোটের তিন দিন আগে অর্থাৎ পি মাইনাস তিন ডে-তে সমস্ত সিভি পুলিশ, ভিলেজ পুলিশ এবং গ্রিন পুলিশ কর্মীদের রিজার্ভ পুলিশ

লাইনে পাঠাতে হবে। সেখানে থাকাকালীন তাঁদের নির্বাচন সংক্রান্ত কোনও কাজেও তাঁদের নিযুক্ত করা যাবে না বলে ম্পষ্ট জানানো হয়েছে।তবে ভোটের দিন তাঁরা সাধারণ পোশাকে এসে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। ইউনিফর্ম পরে ভোটকেন্দ্রে আসার অনুমতি নেই বলেও নির্দেশিকা উল্লেখ করা হয়েছে।রাজ্যের সমস্ত পুলিশ কমিশনার, জেলা পুলিশ সুপারদের এই নির্দেশে কঠোরভাবে পালন করার কথা বলা হয়েছে। কোনও রকম ব্যত্যয় হলে তা গুরুত্বভাবের দেখা হবে বলেও হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

দূরন্ত বার্তা,কলকাতা

রাশিফল

মেঘঃআজকের দিনটা আপনার জন্য নতুন সুযোগের দরজা খুলে দেবে। আপনার শক্তি আর উসাহ আপনাকে কিছু নতুন চেষ্টা করতে অনুপ্রাণিত করছে। কর্মস্থলে আপনার কঠোর পরিশ্রমের প্রশংসা হবে, আর সহকর্মীদের সঙ্গে মিলেমিশে করা কাজ সফল হবে। বৃষঃ অতিরিক্ত খাওয়া এড়িয়ে চলুন এবং সুস্থ থাকতে নিয়মিতভাবে হেলথ ক্লাবে যান। যারা অচেনা ব্যক্তির পরামর্শে তাদের অর্থ ব্যয়িয়েগু করেছিলেন তারা আজ খুব সুবিধা পাবেন। বিবাহের যোগ। মিলুনঃ আজকের দিনটা আপনার জন্য ইতিবাচক চিন্তা আর নতুন পরিকল্পনায় ভরা থাকবে। আজ আপনি নিজের মধ্যে সৃজনশীলতার উদ্দীপনা দেখতে পাবেন, যা আপনাকে কাজগুলো সহজে এগিয়ে নিতে সাহায্য করবে। শুভ দিন। কর্কট রাশিঃ আজ আপনি পরোপকারের কাজে মানসিক শান্তি আর আরাম পাবেন। বিভিন্ন উৎস থেকে আর্থিক লাভ হবে। গৃহস্থালীর অসামঞ্জস্য কাজ শেষ করার জন্য আপনার স্বামী বা স্ত্রীর সাথে ব্যবস্থা করুন। আর্থিক উন্নতি হতে পারে। সিংহঃ আজকের দিনটা আপনার জন্য শক্তি আর আত্মবিশ্বাসের প্রতীক। আপনি আপনার সৃজনশীলতাকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার অনেক সুযোগ পাবেন। প্রেম আসতে পারে আজকে কন্যাঃএমন কাজে দিন যেখানে বিশ্রাম গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়াবে-যেহেতু আজটা সাম্প্রতিককালে প্রচুর মানসিক চাপের মুখোমুখি হয়েছেন- বিনোদন এবং আনন্দেরপ্রমোদ আপনাকে আয়েস করতে সাহায্য করবে। শুভদিন হবে তুলাঃ রাজ্যের দিনটা ভবিষ্যতে আর শান্তিতে ভরা থাকবে। আপনার সম্পর্ক গুলোতে স্থিতি অনুভব করবেন আর এতে করে বিশেষ করে কাছের সম্পর্কগুলোতে ইতিবাচক পরিবর্তন আসবে। বৃশ্চিকঃ আপনি প্রতিটি মানুষকে সাহায্য করার ইচ্ছুকতায় ক্লাস্ত এবং অবসন্ন হয়ে পড়বেন। আর্থিক ক্ষেত্রে উন্নতি আপনার পক্ষে জরুরী

কেনাকাটা করা সুবিধাজনক করবে।ব্যবসায় লাভ হতে পারে। ধনুঃ আজকের দিনটা আপনার জন্য নতুন সম্ভাবনায় ভরা থাকবে। আপনার উদ্দীপনা আর আত্মবিশ্বাসের জোয়ারে অনেক নতুন সুযোগ আসবে। শুভদিন হবে মকরঃ আপনার প্রত্যাশা পূরণের জন্য ব্যক্তিগত সম্পর্কে র অপব্যবহার আপনার স্ত্রীকে বিরক্ত করবে। বিবাহের যোগ হতে পারে।

কুম্ভঃআজ আপনার জন্য বন্ধু আর বিশেষ করে কাছের সম্পর্কগুণ করার জন্য ভাল দিন। সামাজিক সম্পর্কগুলো আরও শক্তিশালী হবে আর আপনার আইডিয়া আদান-প্রদান নতুন সম্ভাবনা খুলে দিতে পারে। কাজের সুযোগ হতে পারে। মীনঃ আপনার অবেগকে নিয়ন্ত্রণ করা আপনার হাতে পারে- আপনার অস্বাভাবিক অত্যাচারে আপনার চারপাশের মানুষেরা বিভ্রান্ত হবে এবং আপনাকে হতাশপ্রবণ অবস্থায় ছেড়ে চলে যাবে। আজকে সাফল্যের সূত্রই হল এমন মানুষের উপদেশে পয়সা লাগানো যারা উদ্ভাবনীমূলক এবং যাদের ভালো উদ্ভিজ্ঞতা আছে। কর্মক্ষেত্রে দায়িত্ব বাডবে। রাস্তায় চলাফেরার বিষয়ে সতর্ক থাকতে আজ থেকেই।

আবহাওয়া

বৈশাখে রোদের তেজ যেন তীব্র হচ্ছে, পান্না দিয়ে বাড়ছে তাপমাত্রাও। আলিপুর আবহাওয়া দফতার জানিয়েছে, আগাত হবে দক্ষিণবঙ্গের কোথাও বৃষ্টির তেমন সম্ভাবনা নেই। দু’-একটি জায়গায় বিক্ষিপ্ত বৃষ্টি হলেও তাতে গরম কমবে না। পশ্চিম থেকে ঢুকছে উষ্ণ বাতাস, তাতেই তীব্র গরম অনুভূত হচ্ছে। পাঁচ জেলায় গরমের সতর্কতা জারি করা হয়েছে।পশ্চিম এবং উত্তর-পশ্চিম দিক থেকে রাজ্যে শুকনো বাতাস ঢুকছে। এ ছাড়া সূর্যের তাপও বেড়েছে। তাই ২৫ ডিগ্রির দক্ষিণবঙ্গের জেলাগুলিতে উষ্ণ ও আর্দ্র আবহাওয়া থাকবে। উত্তরবঙ্গে অবশ্য বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে। মঙ্গলবার সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.০ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ০.২ ডিগ্রি কম। পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুর্কুলিয়া, বাকুড়া এবং পশ্চিম বর্ধমান এই জেলাগুলিতে উষ্ণতা ও আর্দ্রতা অতিরিক্ত বাতে পাবে। এই মর্মে জারি করা হয়েছে সতর্কতা।।আপেক্ষিক আর্দ্রতা আজ হতে পারে ৮৯ শতকরা এবং সর্বনিম্ন ৫৬ শতকরা হতে পারে। ষ্টুপিডত হতে পারে না হতে আবহাওয়া সূচু জানা যায়।

জোয়ার-ভাটা

জোয়ার-সকাল ০৯টা ৫৬মিনিট এবং রাত ০২ টা ৫৭মিনিটে।ভাটা-বেলা ০১টা ৫৩মিনিট এবং রাত ১০টা ৫১ মিনিট। সূর্যউত্তর সকাল ৫টা ১৯মিনিটে হতে পারেএবং অ্যুট পাবে আজ ৫টা ৫৮মিনিটে হতে পারে।

আলোই ঈশ্বরের প্রতিবিশ্ব দূরন্ত বার্তা

৩১ বর্ষ, দৈনিক ১৪১ সংখ্যা, বুধবার, ৮ বৈশাখ, ১৪৩৩

সংগ্রামী ইলা মিত্র

ইলা মিত্র লড়াই আর আন্দনের এক লেলিহান শিখা, যখন তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারি হয় তখন তিনি সন্তানসম্ভবা মা। পাকিস্তানের পুলিশ তাঁকে অকথ্য নির্যাতন করেছে। ভারি বুটের আঘাত, নগ্ন করে প্রহার, খেতে না দেওয়া, অত্যাচারের আর কিছু বাদ রাখেনি। বেয়েন্টে, বন্দুক পেটা করে আহমরা করতে পারলেও বেথুনের মেধাবী ছাত্রীটিকে পুলিশ মেরে ফেলাতে পারেনি। পূর্ব পাকিস্তানের আদালতে ‘প্যারোল’ মুক্তি পেয়ে কলকাতায় এসে মেডিকেল কলেজে, দীর্ঘ আটমাসের চিকিৎসায় ধীরে ধীরে সুস্থ হয়ে ওঠেন। কিন্তু আর ফেরেননি পূর্ব পাকিস্তানে। অদম্য মনের জোর আর অসম সাহসিকতায় শারীরিক পঙ্গুত্বকে হারিয়ে স্নাতক হবার ১৪ বছর পর প্রাইভেট ছাত্রী হিসেবে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এম.এ.পাশ করেছেন। তারপর কলকাতার সিটি কলেজে অধ্যাপনা। বাংলার অগ্নিকন্যা ইলা মিত্রর জীবনের গল্প সিনেমা উপন্যাসের খিলারকে হার মানিয়ে দেয়। ইলা আসপে যশোরের মেয়ে,আদি বাড়ি ঝিনেদার বাঘুটে গ্রামে। ইলার জন্ম কলকাতায়। শিক্ষাদিক্ষা কলকাতায়। বাবা নগেনে সেন এঞ্জি বেঙ্গলের বড় আধিকারিক ছিলেন। নিজে বিশেষ খেলাধুলা না করলেও ছেলোমেয়েদের খেলাধুলা শেখাতে নিয়ে যেতেন হেয়ার স্কুলের মাঠে, সেখান থেকে সাঁতারের জন্য কলেজ স্কোয়ার। ভাইবোনদের মধ্যে ইলা সবার বড়। সম্ভাবনাময় অ্যাথলিট হিসেবে কলকাতার পথ-পত্রিকাগুলিতে ইলাকে নিয়ে নিয়মিত খবর। অলিম্পিক্স খেলতে যাবে অ্যাথলিট ইলা সেন, বেথুনের মেধাবী ছাত্রীটি তখন বাংলার অ্যাথলিটিক্সের উজ্জ্বল নক্ষত্র। কাগজে-কাগজে তাঁর ছবি,ভূরিভূরি কাপ-মেডেলের মধ্যে কাগজের পাতায় বসে ইলা সেন হাসছেন। ১৯৩৭সালে ভেঙে দিলেন বারবারা এডওয়ার্ডের ৫০মিটার দৌড়ের রেকর্ড৷চিচারিতরের বাঁধ ভেঙে গেল, ইলা সেন,বাংলার শ্বেতকায় মহিলা অ্যাথলিটদের মধ্যে একমাত্র খাটি বাঙালি কন্যা। বেথুন থেকে প্রথম ডিভিশনে প্রবেশিকা পরীক্ষায় পাশ করেছেন। বাল্কেটবল,ব্যডমিন্টনও খেলতেন। ১৯৪০-৪১ আস্তঃকলেজ ব্যডমিন্টন চ্যাম্পিয়নশিপ জিতেছেন৷ বেথুন কলেজ থেকে প্রথম ডিভিশনে অই.এ.পাশ করার পরে খেলাধুলোয় ইতি পড়ে। হিটলারের পৃথিবী দখল করার স্বপ্নে বাঙালি কন্যার অলিম্পিকে সৌভনোর স্বপ্ন ভেঙে গেল। বিশ্ব যুদ্ধের কারণে অনুষ্ঠিত হল না অলিম্পিক। কলকাতায় জাপানী বোমার ভয়ে এক বছর যশোরে কাটিয়ে বাংলা অনার্স সহ বি.এ.পাশ করলেন৷এরপর জীবনে এলেন স্বামী রমেন্দ্রনাথ মিত্র। স্বামী-স্ত্রী উভয়েই এক পথের পথিক। গণতান্ত্রিক আন্দোলনে যুক্ত,সমাজসেবা,রাজনৈতিক আন্দোলনে হেসে খেলে দিন কাটে। দেশভাগের পর ওপার বাংলার রাজশাহীতে থাকতেন। তখনকার পাশ সরকারের পুলিশের চোখে খুলা দিয়ে আভাড়াগুড্ডে থেকেছেন, রাজনীতি করেছেন। পুলিশ চেষ্টা করছে তবে ইলাকে পাকড়াও করা যায় নিছক তাঁর কথায় খেলাধুলা করতেই বলে এই ধকল সহ্য করতে পেরেছিলেন। যখন তাঁর বিরুদ্ধে পাকিস্তান সরকার গ্রেপ্তারী পরোয়ানা জারি করে তখন তিনি ভবিষ্যৎ সন্তানের মা।

বাগবাজারের মদনমোহন

উত্তর কলকাতার বাগবাজার অঞ্চলে, রবীন্দ্র সরণিতে অবস্থিত প্রায় ৩০০ বছরের প্রাচীন মদনমোহনের ঠাকুরদালান আজও বহন করে চলেছে প্রাচীন কলকাতার ঐতিহ্য। এর বিশাল দালানটি আজও তার ডোরিক স্তম্ভ, প্রশস্ত মার্বেল সিঁড়ি ও প্রাসাদোপম স্থাপত্যের মাধ্যমে অতীতের ঐশ্বর্যের কথা স্মরণ করিয়ে দেয়। এই দালানের রূপ নিছক একটি স্থায়ী স্থাপনার মধ্যে নয়; বরং ইউরোপীয় প্রাসাদের গড়ে নিখিট এই ধর্মীয় একসময়ের সমাজ-অর্থনৈতিক প্রভাব ও ঐশ্বর্যের প্রতিফলন। ভিতরে প্রবেশ করলেই দেখা যায় বিশাল প্রাঙ্গণ, সুউচ্চ স্তম্ভ এবং এক অনন্য আভিজাত্যের ছাপ। প্রথমদিকে পূর্বদিকে অবস্থিত বুলন-দালানে কাঠের সিংহাসনে প্রতিষ্ঠিত ছিলেন মদনমোহন, পরে তাঁকে স্থানান্তরিত করা হয় দালানের প্রথম তলায় নির্মিত নতুন গৃহে। এখানে রৌপ্য সিংহাসনে বসে আছেন বাঁশি বাজানো শ্রীকৃষ্ণ, পাশে মুগ্ধ রাধিকা;যেন এক চিরন্তন ঐশ্বর্যের মুহূর্তেরে প্রতিচ্ছবি। দালানের অন্তঃরক্ষণটি একটি বৃহৎ বৃত্তাক্ষের মতো, যার দক্ষিণ প্রান্তে রয়েছে নহবতখানা। মন্দির সংলগ্ন রয়েছে রাসমন্ড, যেখানে প্রতি বছর রাস উৎসব উপলক্ষে দেশতাকে নিয়ে আসা হয়। এই উৎসবকে কেন্দ্র করে বসে মেলা, ভক্তদের ভিড় উপচে পড়ে, আর পুরো এলাকা ভরে ওঠে আনন্দে ও ভক্তিতে। এই মন্দিরটি নির্মাণ করেন ১৭৬১ সালে গোকুলচন্দ্র মিত্র;কলকাতার অন্যতম প্রাচীন বসতিস্থাপনকারীদের একজন। ১৭২৮ সালে হাওড়ার বালিগ্রামে জন্ম নেওয়া গোকুলচন্দ্র মারাঠা আক্রমণের ভয়ে কলকাতায় চলে আসেন। পরবর্তীকালে লরবা ব্যবসার মাধ্যমে বিপুল সম্পদের অধিকারী হয়ে ওঠেন তিনি। ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক গড়ে তুলে তিনি হয়ে ওঠেন শহরের অন্যতম প্রভাবশালী ব্যক্তি। ১৭৫৬ সালে নবাব সিরাজউদ্দৌলার কলকাতা আক্রমণের সময় গোকুলচন্দ্র মিস্রসহ অন্যান্য ধনী ব্যবসায়ীরা আত্মরক্ষার জন্য প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলেছিলেন। তাঁর বিস্তৃত প্রাসাদোপম বাড়ি একসময় ৫৬ বিঘা জমির উপর বিস্তৃত ছিল, যদিও আজ তার অধিকাংশই বিলুপ্ত। মদনমোহন দেবতার ইতিহাস জড়িয়ে আছে বিশ্বপুরের মল্লভারগের সঙ্গে। প্রায় ৫০০ বছরের প্রাচীন এই বিগ্রহ প্রথমে এক ব্রাহ্মণ পুরোহিতের কাছে ছিল। পরে মল্লভারগ বীর হাশ্মির তা নিয়ে যান এবং বিশ্বপুরে প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে নানা ঐতিহাসিক ঘটনার পর রাজা চৈতন্য সিংহ এই বিগ্রহ নিয়ে কলকাতায় আসেন এবং গোকুলচন্দ্র মিত্রের কাছে খণের বিনিময়ে তা বন্ধক রাখেন।

শ্রীশ্রীঅনুকূল ঠাকুর



শ্রীশ্রীঠাকুর অনুকূল বলতেন, পরম আত্মা শরীরে অবস্থিত থাকেন। তিনি মহান। তাকে কেন্দ্র করে সারা জীবন অতিবাহিত হতে থাকে।

সাধক বামাক্ষাপা



শশ্মানচারিনী মাতা বামাক্ষাপাকে বলেছিলেন, ভয় কি আমি তো আছি। আমি তোকে যে শক্তি দিয়েছি। তুই পারবি বিপদ থেকে মানুষকে উদ্ধার করতে। বামাক্ষাপা তা পেয়েছিলেন। অসম্ভবকে সম্ভবে পরিণত করতে সক্ষম তার। আমি সব কিছুই জানতে পারি হার একটি মাত্র কারণ হচ্ছে আমার

ভিতরের শক্তি। এই শক্তি দিয়ে আমি সব কিছু ধরতে পারি। বুঝতে পারি। অপরের মনের কথাকে বলতে পারি। মানুষের মনের কথাকে আমি অন্তর শক্তি দিয়ে অনুভব করতে পারি। আমার যে শক্তি রয়েছে সেই শক্তি দিয়ে আমার বহির্প্রকাশ করতে পারি। মানুষ দেখলে বুঝতে পারি কে কেমন। তার স্বভাব কেমন? তিনি কি চান? এটা নারীদের একটি অসীম শক্তি। এই শক্তি দিয়ে আমি সব কিছু জানতে এবং বুঝতে পারি। আসলে মা তারাণীই হচ্ছে মা। তিনি শক্তি। ভক্তি। তার মতো শক্তি আর কারোর নেই। শ্যামা ভবতারণীর শক্তি সবচেয়ে বেশি। গোটা বিশ্বেকে পরিচালিত করার ক্ষমতা রাখে মাকালী। তিনি হচ্ছেন আদ্যাশক্তি মাতা।

‘ডেভিড হেয়ার, কলকাতা মেডিকেল কলেজ এবং ভারতে হসপিটাল মেডিসিনের সূচনা’

ডা. জয়ন্ত ভট্টাচার্য

চতুর্থ পর্ব

‘চিকিৎসার ধারার (course of treatment) মধ্য দিয়ে উপার্জিত জ্ঞান। যে কোন পাঠকই খোয়াল করলে বুঝবেন যে, মেডিক্যাল কলেজের আবির্ভাবের আগে যেভাবে মেডিসিনের প্র্যাক্টিস হত এবং মেডিসিন-সংক্রান্ত যেসব ধারণা ছিল (এদেশে আয়ুর্বেদ কিংবা ইয়ুনানি হোক কিংবা পাশ্চাত্যে

গন্ধর্ষ



কিংবা হিপোক্রেটিয় মেডিসিন হোক) সেসময়কল্পিত্বর সাথে একটি “paradigm shift” ঘটে গেল। তবে উল্লেখ করার যে, ইউরোপে হসপিটাল মেডিসিন-এর আবির্ভাব ঘটতে কয়েক শতাব্দীর সামাজিক রূপান্তর, বিপ্লব এবং অর্থনৈতিক রাজনৈতিক পরিবর্তনের ফল শ্রুতিতে ঘটছে। কিন্তু ভারতে ঘটছে মাত্র এক দশক সময়ের মধ্যে। এবং এর ভিত্তি ছিল ছাত্রদের দ্বারা শবব্যবচ্ছেদ। ২৬ জানুয়ারি ১৮৫৫-এ বৈদিক পরিম্প্রদাভাবে উল্লেখ করেন, “That all the underground pupils Sof Medical College be expected to practise human dissection and perform operations upon the dead body– or be discharged.”

১৯ হয় ডিসেকশন তথ্য শবব্যবচ্ছেদ কর, কিংবা কলেজ থেকে বিদেয় হও। ডেভিড হেয়ার, তাঁর মেডিসিন ও মেডিক্যাল কলেজ প্যারিচাঁদ মিত্র হেয়ারের আত্মজীবনী লিখতে গিয়ে একটি নিয়মিত ডিসপেনসারি ছিল as it contained medicines for healing suffering of all kinds.” মিত্র আরও জানাচ্ছেন , তত্াঁর (হেয়ার) কাছে আগত যাদের বই কোনার সামর্থ্য ছিলনা তাদেরকে সেজন্য সাহায্য করা হত। আর অসুস্থরা received medicines and medical aid from him.” 21

Records of Public Instruction এ দেওয়া Mr. Kerr-এর সাক্ষ্য উদ্ধৃত করে মিত্র জানাচ্ছেন, €“He used also when they were sick to visit them at their houses– bringing medicine to them–and taking a fatherly and affectionate interest in their welfare. On these occasions

এবং মেডিক্যাল কলেজে যেতেন এই প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করতে। শিবনাথ শাস্ত্রী জানাচ্ছেন , তখন স্বীয় স্বীয় বালকদিগকে ইংরাজী শিখাইবার জন্য লোকের এমন ব্যথাতা জন্মিয়াছিল যে, হেয়ারের পক্ষে বাটীর বাহির হওয়া কঠিন হইয়াছিল। বাহির হইলেই দলে দলে বালক, “Me poor boy– have pity on me– me take in your school” বলিয়া তাঁহার পাঙ্কীর দুই ধারে ছুটিত। ১৮২২ সালে কলকাতায় ব্রিটিশ ভারতের প্রথম আধুনিক মেডিসিনের ট্রেনিং ইন্সটিটিউট Native Medical Institution NMI তৈরি হল। এখানে ইংরেজি ছাড়াও হিন্দি, আরবি এবং ফার্সীতে শিক্ষা দেওয়া হত। এরপরে কলকাতা সংস্কৃত কলেজ এবং কলকাতা মাদ্রাসায় আধুনিক মেডিসিনের কিছু গোড়ার পাঠ দেবার ব্যবস্থা করা হল।NMI-এর যুগকে (১৮২২-১৮৩৫) আমরা বলতে পারি হসপিটাল মেডিসিন-এর আগমনের আগে গর্ভাবস্থার সময় (period/period of nativity)।

১৮৩৫ সালের ২৮ জানুয়ারি যখন মেডিক্যাল কলেজ তৈরি হল তখন শুরুতে ৩ জন মাত্র শিক্ষক ছিলেন। ডঃ ব্রামলি (অধ্যক্ষ), এবং সহকারী অধ্যাপক হিসেবে ছিলেন ডঃ গুডিভ এবং ডঃ উইলিয়াম ব্রুক ওশমনি। পাঠ্যসূচীর মধ্যে ছিল অ্যানাটমি, অ্যানাটমির ডেমন স্ট্রেশন, কেমিস্ট্রি, মেন্টেরিয়া মেডিকা এবং ফার্মেসি, সার্জারি (মৃতদেহের ওপরে), বোটানি, হাতেকলমে শেখার জন্য ল্যাবরেটরিতে শিক্ষা এবং কিছু পরিমাপে ফিজিওলজি শিক্ষা। ১৮ অক্টোবর ১৮৩৬-এ ভারত তথা এশিয়ার প্রথম ডিসেকশন হল মেডিক্যাল কলেজে। অধ্যক্ষ ব্রামলি জানাচ্ছেন, “For the most part also the students looked with contempt upon the ignorant prejudices of their countrymen– and it was most delightful to witness the spirit current amongst them– to raise themselves above the evils of their condition.” পরে যোগ করছেন, “On that day– which may be regarded as an eventful era in the annals of the Medical College– four of the most intelligent and respectable pupils– at their own solicitation undertook the dissection of the human subject– and in the presence of all the

Professors of the College and of fourteen of their brother pupils– demonstrated they were hereafter to receive when the hospitals should be thrown open to their observation. কিন্তু মেডিকেল কলেজে রাত্তা হবার ভয়ে এই জন ছাত্রের নাম ব্রামলি তাঁর অকাল মৃত্যুর জন্য মেডিক্যাল কলেজের অসমাপ্ত প্রথম বার্ষিক রিপোর্টে প্রকাশ করতে পারেন নি। তিনি সখেদে তাঁর কিছু মন্তব্য রেখেছিলেন রিপোর্টে, “were their names brought to the notice of Government in the present report– but the same reason which induces them to conceal their anatomical labours– and the probable publicity of this document– forbids my making the disclosure. শিবনাথ শাস্ত্রী জানাচ্ছেন , অসকালের লোকের মুখে শুনিয়াছি এই মৃতদেহ ব্যবচ্ছেদ লাইয়া সে সময়ে তুমুল আন্দোলন উপস্থিত হইয়াছিল ... নব্যবঙ্গের নেত্ৰবৃন্দ শব-ব্যবচ্ছেদকারী ছাত্রগণকে রীতিমত উৎসাহ দিয়া এই নব্যপ্রতিষ্ঠিত কলেজকে সবল করিতে লাগিলেন। প্রমথনাথ বসু জানিয়েছেন, “The first demonstration by dissection caused great anxiety. The College gates were closed to prevent forcible interruption of that awful act”

আমাদের স্মরণে রাখতে হবে ডেভিড হেয়ার এই সমথ কর্মকাণ্ডের সঙ্গে অঙ্গঙ্গীভাবে জড়িত ছিলেন। শবব্যবচ্ছেদের মধ্য দিয়ে অহসপিটাল মেডিসিনদ-এর ভিত্তি প্তর তৈরি হল। ভারতের ইতিহাসে এ এক নতুন অধ্যায়। কিন্তু ছাত্ররা তাদের ক্লিনিক্যাল শিক্ষা অর্থাৎ হাসপাতালের ওয়ার্ডে গিয়ে রোগীকে দেখা, রোগের সঙ্গে পরিচিত হওয়া এবং চিকিৎসাবিধি শিখবে কোথায়? এর জন্য প্রয়োজন কলেজের একটি নিজস্ব হাসপাতাল যা নতুন মেডিসিনের আরেকটি প্রধান ভিত্তি। শাস্ত্রী জানাচ্ছেন (এবং সরকারি রিপোর্টও জানাচ্ছে) , তত্াঁর (ডঃ ব্রামলি) মৃত্যু হইলে মহামতি হেয়ার নতুন সম্পাদক হন। হেয়ারের ইহার ফুক্তি৷ মেডিক্যাল কলেজে প্রথম ডিসেকশনের আগে ডেভিড হেয়ার সহ কলেজের সমস্ত শিক্ষক, ক্রমশ (ডাক্তার জয়ন্ত ভট্টাচার্য কলকাতা মেডিকেল কলেজের প্রাক্তন ছাত্র। তাঁর লেখা বহু বিখ্যাত বই রয়েছে যেগুলি চিকিৎসা বিজ্ঞানের নক্ষত্র)

সামাজিক ন্যায়বোধ প্রতিষ্ঠা করতে আগ্রহী রাজ্যপাল রবি

বুদ্ধদেব মিশ্র

শহরে সামাজিক ন্যায়বিচার সংক্রান্ত আঞ্চলিক কথোপকথন অনুষ্ঠিত হল। রাজ্যপাল শ্রী আর. এন. রবি সাংবিধানিক মূল্যবোধ, অন্তর্ভুক্তি করণ এবং সকলের মর্যাদার ওপর গুরুস্থারোপ করলেন।

